# জে এস সি পরীক্ষা - ২০১৯ এর মডেল প্রশ্ন (সকল বোর্ডের জন্য)

## ইসলাম ও নৈতিক শিক্ষা

বিষয় কোড : | 1 | 1 | 1 |

### সৃজনশীল প্রশ্ন

সময়– ২ ঘণ্টা ৩০ মিনিট | মান– ৭০

[দ্রষ্টব্য : ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। নিচে উল্লিখিত উদ্দীপকগুলো মনোযোগসহ পড়ে সংশ্লিষ্ট প্রশ্নগুলোর উত্তর দাও। যেকোনো সাতটি প্রশ্নের উত্তর দিতে হবে।]

১. ▶ আনোয়ার ও শাহীন দুই বন্ধু। তারা ইসলামের বিভিন্ন বিষয় নিয়ে কথা বলছিল। আনোয়ার বলল, পৃথিবীর জীবনই সবকিছু। মৃত্যুর পরে আর কিছুই নেই। এ কথা শুনে শাহীন বলল, দুনিয়ার সকল কাজকর্মের জন্য আমাদেরকে জবাবদিহি করতে হবে।

ক. 'কিয়ামত' শব্দের অর্থ কী? ১

খ. মহানবি (স) এর শাফাআত ছাড়া জান্নাত লাভ সম্ভব নয়— ব্যাখ্যা করো। ২

গ. আনোয়ারের ধারণা কোন বিশ্বাসের পরিপন্থি? ব্যাখ্যা করো। ৩

ঘ. শাহীনের বক্তব্যের যথার্থতা ইসলামের আলোকে বিশ্লেষণ করো। ৪

২. ★ কতিপয় উচ্ছৃঙ্খল যুবক রাস্তা দিয়ে যাওয়ার সময় অশ্লীল ভাষা ব্যবহার করছিল। মেহেদী সাহেব শুনতে পেয়ে তাদেরকে ডেকে ইমান ও নৈতিকতা সম্পর্কে অবহিত করেন। যুবকরা মেহেদী সাহেবের আলোচনার গুরুত্ব উপলব্ধি করে এরূপ ভাষা প্রয়োগ থেকে বিরত থাকার এবং ইমান আনয়ন করার জন্য মনস্থির করল।

ক. 'ইমান' অর্থ কী? ১

খ. শাফাআতে সুগরা বলতে কী বোঝায়? ২

গ. মেহেদী সাহেব উচ্ছৃঙ্খল যুবকদেরকে যে দুটি বিষয়ে অবগত করেন সে বিষয় দুটি ব্যাখ্যা করো। ৩

ঘ. উচ্ছৃঙ্খল যুবকরা ইমান আনার ফলে যেসব সুফল ভোগ করবে, তা বিশ্লেষণ করো। ৪

৩. ▶ সাকিব ও সালাম দুই বন্ধু। সালাম একটি প্রাইভেট ক্লিনিকের ওষুধপত্র সংরক্ষণের দায়িত্বে নিয়োজিত। সে মানুষের সাথে কথা দিয়ে কথা রাখে না এবং গোপনে ওষুধ বিক্রি করে। অপরদিকে সাকিব মুখে ও অন্তরে আল্লাহকে এক ও অদ্বিতীয় বলে বিশ্বাস করে। ইসলামের যাবতীয় বিধিবিধান যথাযথভাবে পালন করে।

Teachingbd24.com

ক. 'আকিদা' শব্দের অর্থ কী? ১
খ. নিফাক বলতে কী বোঝ? ২
গ. সালামের কর্মকাণ্ডের কুফল ও পরিণতি ব্যাখ্যা করো। ৩
ঘ. সাকিব ইমানের কোন মৌলিক বিষয়ের প্রতি বিশ্বাস স্থাপন করে? পাঠ্যবইয়ের আলোকে বিশ্লেষণ করো। ৪

৪. ▶ রহমান নিজেকে মুসলিম বলে দাবি করে। কিন্তু সে মুসলমানদের গোপন কথা শত্রুপক্ষকে বলে দেয়। ইসলামি জীবনধারা তার ভালোলাগে না। তার পিতার নিকট পুত্রকে সংশোধন করার কথা বললে তিনি বলেন, যার তাকদিরে যা আছে তা হবেই, চেষ্টা করে লাভ নেই।

ক. তাকদির কার হাতে ন্যস্ত? ১
খ. বারযাখ বলতে কী বোঝায়? ব্যাখ্যা করো। ২
গ. রহমানের কর্মকাণ্ড ইসলামি শরিয়তের দৃষ্টিতে ব্যাখ্যা করো। ৩
ঘ. উদ্দীপকে বর্ণিত রহমানের পিতার বক্তব্যটি যথার্থ কিনা বিশ্লেষণ করো। ৪

৫. ★ শামীম সাহেব ২০১৪ সালে পূর্ণ এক বছর যাবৎ দশ লক্ষ টাকার মালিক ছিলেন এবং বছর শেষে ২০১৫ সালে কিছু টাকা মসজিদ নির্মাণে যাকাত হিসেবে দান করেন। তার বন্ধু শাহীন সাহেব বলেন, যথাযথ নিয়মে আপনার সম্পদের যাকাত আদায় করতে হবে। কারণ কুরআনে যাকাত প্রদানের খাতসমূহ নির্ধারিত।

ক. যাকাত ফরজ হওয়ার প্রথম শর্ত কোনটি? ১
খ. 'যাকাত দিলে মাল পবিত্র হয়'— বুঝিয়ে লেখ। ২
গ. ২০১৫ সালে শামীম সাহেবকে কত টাকা যাকাত দিতে হবে? ব্যাখ্যা করো। ৩
ঘ. শামীম সাহেবের যাকাত আদায় হয়েছে কী? যৌক্তিক মতামত দাও। ৪

৬. ▶ শুক্রবার ক্ষেত্রীপাড়া মসজিদের ইমাম জনাব ইদ্রিস সাহেব ধনী ব্যক্তিদের উদ্দেশ্য করে বলেন, আপনারা যদি সঠিকভাবে আপনাদের যাকাত প্রদান করেন তবে সমাজে কেউ না খেয়ে থাকবে না, এলাকার মানুষ শিক্ষা অর্জন করতে পারবে ভালোভাবে। বস্ত্র আর বাসস্থানের অভাবে মানুষ আর কষ্ট করবে না।

ক. 'ইহরাম' কোন ভাষার শব্দ? ১
খ. সন্তান জন্মের সপ্তম দিনের চারটি উত্তম কাজ লেখ। ২

https://teachingbd24.com

গ. ইমাম সাহেবের বক্তব্যে যাকাতের কোন ধরনের গুরুত্ব প্রকাশিত হয়েছে? ব্যাখ্যা করো। ৩

ঘ. তুমি কি মনে কর ইমাম সাহেবের কথা মেনে চললে অর্থনৈতিক ভারসাম্য রক্ষা করা সম্ভব হবে? মতামতের সপক্ষে যুক্তি দাও। ৪

৭. ▶ ২০ জানুয়ারি কালামের বয়স ৭ দিন পূর্ণ হবে। ঐদিন তার পিতা কালামের কল্যাণ কামনা করে দুটি গরু জবেহ করে দরিদ্র লোকজনকে দাওয়াত দিয়ে খাওয়াতে চান। তবে তিনি গরুগুলো আল্লাহর নামেই জবাই করবেন। ঐদিনই প্রথমবারের মতো কালামের মাথা মুণ্ডন করা হবে।

ক. কুরবানির গোশত সাধারণত কয়ভাগে ভাগ করা হয়? ১

খ. কুরবানির ধারণা ব্যাখ্যা করো। ২

গ. কালামের পিতার অনুষ্ঠানটির ধারণার সাথে পাঠ্যবইয়ের কোন ধারণাটির মিল বিদ্যমান? ব্যাখ্যা করো। ৩

ঘ. বিশেষ কিছু নিয়মের মাধ্যমেই কালামের অনুষ্ঠানটি পালন করতে হয়— মতামত দাও। ৪

৮. ★ ইমরান আলী শ্রেণি শিক্ষক। রহিমদের ক্লাসে আল্লাহ তায়ালার পরিচয় তুলে ধরলেন। তিনি বললেন, পবিত্র কুরআনে সূরা বাকারায় একটি আয়াত আছে যাতে মহান আল্লাহ তায়ালার পরিচয় বর্ণনা করা হয়েছে। তিনি আয়াতটি বোর্ডে লিখলেন। সকলকে মুখস্থ করতে এবং প্রতিদিন আয়াতটি তিলাওয়াত করতে বললেন।

ক. আয়াতুল কুরসি অর্থ কী? ১

খ. আয়াতুল কুরসির মর্যাদা এত বেশি কেন? ব্যাখ্যা করো। ২

গ. ইমরান আলী যে আয়াত তিলাওয়াত করেন তার অর্থ লেখ। ৩

ঘ. ইমরান আলী যে আয়াতটির কথা বলেছেন অর্থাৎ আয়াতুল কুরসির বাংলা উচ্চারণ লেখ। ৪

৯. ▶ ইমাম সাহেব খুতবায় বলেন কুরআনের কিছু কিছু অংশ থাকে। যেখানে অনেক তাৎপর্যপূর্ণ বক্তব্য থাকে। তার মধ্যে একটি সূরা হাশরের শেষ তিনটি আয়াত অন্যতম। এই আয়াতগুলো তিলাওয়াত করলে অনেক সওয়াব পাওয়া যায়। একজন ভালো মুসলমান ও মনুষ্যত্বের বিকাশে আয়াতগুলোর শিক্ষা অত্যন্ত কার্যকর।

Teachingbd24.com

ক. লাইলাতুল কদর অর্থ কী? ১

খ. সকালে ও রাতে সূরা হাশরের শেষ তিন আয়াত পাঠ করলে কী ফযিলত পাওয়া যাবে? ব্যাখ্যা করো। ২

গ. ইমাম সাহেব যে সূরার তিন আয়াতের কথা বলেছেন সেই তিনটি আয়াতের অর্থ লেখো। ৩

ঘ. ইমাম সাহেব যে সূরার শেষ তিন আয়াতের কথা বলেছেন সেই তিনটি আয়াতের বাংলা উচ্চারণ লেখ। ৪

১০.▶ আসলাম কুরআনের শিক্ষা অনুযায়ী তার জীবনকে গড়ে তুলতে চায়। এ জন্য সে প্রথমে তার মায়ের কাছ থেকে শুদ্ধভাবে কুরআন তিলাওয়াত শিখে। তার মা তাকে নুন সাকিন ও তানবিনের নিয়ম শিখান। সাথে সাথে আসলাম অর্থ বুঝে কুরআন মাজিদের জ্ঞান অর্জনে তৎপর হয়।

ক. সর্বশ্রেষ্ঠ নফল ইবাদত কী? ১

খ. তাজবিদের জ্ঞান অর্জন করতে হবে কেন? ব্যাখ্যা করো। ২

গ. আসলাম মায়ের কাছ থেকে কুরআন পড়ার যে নিয়মগুলো শিখেছে তাকে কী বলে? কুরআন তিলাওয়াতের গুরুত্ব ব্যাখ্যা করো। ৩

ঘ. আসলাম কুরআন মাজিদের জ্ঞান অর্জনে তৎপর হওয়ায় তার ইহলৌকিক ও পারলৌকিক সফলতা বিশ্লেষণ করো। ৪

Teachingbd24.com

১১. ★ সাজুর শিক্ষক ক্লাসে নুন সাকিন ও তানবিনের নিয়ম বুঝিয়ে দিলেন। তিনি বললেন, পবিত্র কুরআনের আয়াত তোমরা এ নিয়ম অনুসারে তিলাওয়াত করবে। সাজু শিক্ষকের কথাগুলো মনোযোগ দিয়ে শুনেছে। কুরআন তিলাওয়াতকে সাজু একটি ইবাদত মনে করে। তার কাছে কুরআন তিলাওয়াতের শুদ্ধতার প্রয়োজনীয়তা সবচেয়ে বেশি। তাই সে তিলাওয়াতের সময় স্যারের শিখানো নিয়মগুলো মেনে চলে।

ক. 'ইযহার' শব্দের অর্থ কী? ১

খ. গুন্নাহ ছাড়া ইদগাম বলতে কী বোঝ? ব্যাখ্যা করো। ২

গ. সাজু কীসের নিয়ম মেনে চলে? ব্যাখ্যা করো। ৩

ঘ. সাজুর শিক্ষকের শিখানো নিয়মগুলো পর্যালোচনা করো। ৪

https://teachingbd24.com

# ইসলাম ও নৈতিক শিক্ষা

বিষয় কোড : 1 1 1

সময়—৩০ মিনিট

## বহুনির্বাচনি অভীক্ষা

মান—৩০

[বিশেষ দ্রষ্টব্য : সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রের প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে সঠিক উত্তরের বর্ণটিতে টিক (✓) চিহ্ন দাও। প্রতিটি প্রশ্নের মান ১। সকল প্রশ্নের উত্তর দিতে হবে।]

১. ★ যে ব্যক্তি নিফাক করে তাকে কী বলা হয়?
ক কাফির খ মুনাফিক
গ মুশরিক ঘ ফাসিক

২. ★ 'আর আল্লাহ সাক্ষ্য দেন যে, মুনাফিকরা নিশ্চয়ই মিথ্যাবাদী'— এটি কোন সূরার আয়াত?
ক সূরা আর রাহমান খ সূরা মুমিন
গ সূরা মুনাফিকুন ঘ সূরা বাকারা

৩. 'আল্লাহ অমুখাপেক্ষী'— কোন সূরার আয়াত?
ক বাকারা খ মায়িদা
গ ইখলাস ঘ ফাতিহা

৪. 'হাসিবুন' শব্দের অর্থ কী?
ক হিসাব গ্রহণকারী খ ক্ষমাশীল
গ দয়ালু ঘ স্নেহশীল

৫. আমাদের প্রতি আল্লাহ তায়ালার দয়া ও করুণার শেষ নেই। তিনি—
i. আমাদের জন্য মাতা-পিতার মধ্যে ভালোবাসা সঞ্চার করেন
ii. নাফরমানি করলে তৎক্ষণাৎ শাস্তি প্রদান করেন
iii. তাওবা করলে আমাদের ক্ষমা করেন
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii
গ ii ও iii ঘ i, ii ও iii

৬. ★ নবুয়ত অর্থ কী?
ক পীরদের দায়িত্ব
খ নবিগণের দায়িত্ব
গ আউলিয়াদের দায়িত্ব
ঘ সাহাবিগণের দায়িত্ব

৭. ★ রাসুল (স) এর দীন এবং শিক্ষা পূর্ণাঙ্গ। এ কথা প্রমাণ করে—
i. আর কোনো নবির আগমন অপ্রয়োজনীয়
ii. ইসলাম একটি পূর্ণাঙ্গ জীবনবিধান
iii. প্রত্যেকটি ধর্মের বিধান আবিকৃত আছে
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ ii ও iii
গ i ও iii ঘ i, ii ও iii

৮. 'আর প্রত্যেক জাতির জন্য পথপ্রদর্শক রয়েছে'— এটি কোন সূরার আয়াত?
ক সূরা বাকারা খ সূরা আর রাদ
গ সূরা মুমিন ঘ সূরা ইখলাস

৯. ★ আখিরাতে দৃঢ় বিশ্বাসের ফলে কী থেকে বেঁচে থাকা যায়?
ক প্রতারণা থেকে খ অনৈতিক কাজ থেকে
গ মিথ্যা থেকে ঘ ঘৃণা থেকে

১০. শাফাআতে কুবরার অপর নাম কী?
ক শাফায়াতে উযমা খ শাফাআতে উমরা
গ শাফাআতে সুগরা ঘ শাফাআতে আউসাত

১১. 'আবৃত স্থান' এর আরবি প্রতিশব্দ কোনটি?
ক জান্নাত খ জাহান্নাম
গ মিযান ঘ হাশর

১২. নিসাব কোন ভাষার শব্দ?
ক বাংলা খ আরবি
গ ফারসি ঘ হিন্দি

১৩. ★ যাকাত ব্যয়ের খাত সম্পর্কে কোন সূরার কত নং আয়াতে বলা হয়েছে?
ক আল- ইমরান-১১০
খ আত তওবা-১১০
গ আর রহমান-৬০
ঘ আত তাওবা-৬০

১৪. বিশ্ব মুসলমানের কাছে হজের অবদান হলো—
i. ইসলামের প্রাণ চঞ্চল পরিবেশ বজায় রাখা
ii. সামাজিক বৈষম্য কমিয়ে আনা
iii. বিশ্ব ভ্রাতৃত্ব সৃষ্টি করা
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ ii ও iii
গ i ও iii ঘ i, ii ও iii

নিচের উদ্দীপকটি পড়ে ১৫ ও ১৬ নং প্রশ্নের উত্তর দাও:

শফিকুরের ইউনিয়নের চেয়ারম্যান বরকত আলী বছর শেষে তার এলাকার সম্পদশালী লোকদের কাছ থেকে যাকাত আদায় করে তা সম্মিলিতভাবে এলাকার বেকার যুবকদের স্বাবলম্বী করার কাজে ব্যয় করেন।

১৫. ইসলামের কোন খলিফার সাথে চেয়ারম্যান বরকত আলীর মিল খুঁজে পাওয়া যায়?
ক উমর বিন আবদুল আজিজ
খ আল মনসুরের
গ হারুনুর রশিদের
ঘ হযরত মুয়াবিয়ার

Teachingbd24.com

১৬. বরকত আলীর এ উদ্যোগের ফলে—
i. সমাজ স্বার্থপরতা মুক্ত হবে
ii. পারস্পরিক মমত্বের সৃষ্টি হবে
iii. সমাজে অর্থনৈতিক ভারসাম্য প্রতিষ্ঠিত হবে
নিচের কোনটি সঠিক?
ⓚ i ও ii ⓧ ii ও iii
ⓖ i ও iii ⓨ i, ii ও iii

১৭. হজের দ্বিতীয় কাজ কী?
ⓚ মিনাতে অবস্থান করা
ⓧ সাঈ করা
ⓖ তাওয়াফ করা
ⓨ আরাফাতের মাঠে অবস্থান

১৮. ৭ই যিলহজ্জ কোন নামাজের পর ইমাম খুতবা দেন?
ⓚ ফজর ⓧ যোহর
ⓖ আসর ⓨ এশা

১৯. ★ "কখনো আল্লাহর নিকট পৌঁছায় না এগুলোর গোশত এবং রক্ত বরং পৌঁছায় তোমাদের তাকওয়া"— এই আয়াতটি কোন সূরার?
ⓚ বাকারার ⓧ হাজ্জের
ⓖ মায়িদার ⓨ ইমরানের

২০. মক্কি সূরায় সাধারণত কোন বিষয়সমূহের বর্ণনা করা হয়েছে?
ⓚ বিধি-বিধান সংক্রান্ত
ⓧ তাওহিদ সংক্রান্ত
ⓖ নামাজ-রোজা সংক্রান্ত
ⓨ তামজিদ সংক্রান্ত

২১. 'আল হুদা' শব্দের অর্থ কী?
ⓚ পার্থক্যকারী ⓧ উপদেশদাতা
ⓖ পথপ্রদর্শক ⓨ পালনকর্তা

২২. রফিক পুরো কুরআন শরিফের বাংলা অর্থ ও তাফসির পড়েছে।— সে জেনেছে—
i. ইতিহাস সম্পর্কে
ii. নৈতিক মূল্যবোধ সম্পর্কে
iii. ধর্মীয় বিধিবিধান সম্পর্কে
নিচের কোনটি সঠিক?
ⓚ i ও ii ⓧ i ও iii
ⓖ ii ও iii ⓨ i, ii ও iii

২৩. 'আপনি ধীরে ধীরে ও সুস্পষ্টভাবে কুরআন তিলাওয়াত করুন'— কোন সূরার আয়াত?
ⓚ লাহাব ⓧ ইখলাস
ⓖ আল মুযযাম্মিল ⓨ আন-নাস

২৪. গুন্নাহসহ ইদগামের অপর নাম কী?
ⓚ ইদগামে গুন্নাহ ⓧ ইদগামে নাকিস
ⓖ ইদগামে আলিফ ⓨ ইদগামে নাসিব

২৫. মিম সাকিনের নিয়ম কয়টি?
ⓚ দুইটি ⓧ তিনটি
ⓖ চারটি ⓨ পাঁচটি

২৬. ★ সূরা আল-যিলযাল কুরআনের কততম সূরা?
ⓚ ৯৭ ⓧ ৯৮
ⓖ ৯৯ ⓨ ১০০

২৭. সূরা যিলযালের আয়াত সংখ্যা কত?
ⓚ ছয় ⓧ সাত
ⓖ আট ⓨ নয়

২৮. আয়াতুল কুরসি তিলাওয়াতকারীরা—
i. মহানবির (স) পরিচয় লাভ করবে
ii. আল্লাহর পরিচয় লাভ করবে
iii. আল্লাহর রহমত লাভ করবে
নিচের কোনটি সঠিক?
ⓚ i ও ii ⓧ i ও iii
ⓖ ii ও iii ⓨ i, ii ও iii

**নিচের উদ্দীপকটি পড়ে ২৯ ও ৩০ নং প্রশ্নের উত্তর দাও:**
আসিফ সূরা নাসর তিলাওয়াত করেছে। বাংলা অর্থও পড়েছে এবং সে সিদ্ধান্ত নিয়েছে সর্বাবস্থায় আল্লাহর নিকট সাহায্য প্রার্থনা করবে।

২৯. উক্ত সূরায় কোন বিজয়ের সাহায্যের কথা বোঝানো হয়েছে?
ⓚ মক্কা বিজয়ে আল্লাহর সাহায্য
ⓧ মক্কার কাফিরদের অবস্থা
ⓖ মদিনায় আনসারদের সাহায্য
ⓨ রাসুল (স)-এর ক্ষমা

৩০. আসিফ উক্ত সূরাটিতে পেয়েছে—
i. আল্লাহর সাহায্য ও বিজয়
ii. মানুষদের দলে দলে আল্লাহর দীনে প্রবেশের ঘটনা
iii. মহান আল্লাহর পবিত্রতা ও মহিমা ঘোষণা
নিচের কোনটি সঠিক?
ⓚ i ও ii ⓧ i ও iii
ⓖ ii ও iii ⓨ i, ii ও iii

| | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | খ | ২ | গ | ৩ | গ | ৪ | ক | ৫ | খ | ৬ | খ | ৭ | ক | ৮ | খ | ৯ | খ | ১০ | ক | ১১ | ক | ১২ | খ | ১৩ | ঘ | ১৪ | ঘ | ১৫ | ক |
| ১৬ | ঘ | ১৭ | ঘ | ১৮ | খ | ১৯ | খ | ২০ | খ | ২১ | গ | ২২ | ঘ | ২৩ | গ | ২৪ | খ | ২৫ | খ | ২৬ | গ | ২৭ | গ | ২৮ | গ | ২৯ | ক | ৩০ | ক |

Teachingbd24.com